রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৯, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

বাস্তবায়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই শ্রাবণ ১৪০৬ বাং/২৮শে জুলাই ১৯৯৯ ইং

এস, আর, ও নং ২২৯-আইন/৯৯/অম/অবি (বাস্ত)১/জাঃ বেঃ স্কেল ৬/৯৭/১৯৫—Services (Reorganization and Conditions) Act. 1975 (XXXII of 1975) -এর section ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ২৬৭ আইন/৯৭/অম/অবি(বাস্ত)১/জাঃ বেঃ স্কেল-৬/৯৭/২৫১, তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর, ১৯৯৭ইং এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথা ঃ—

উপরি-উক্ত আদেশের (১) অনুচ্ছেদ ১৩ এর—

(ক) উপ-অনুচ্ছেদ(১) এর "চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলির পর "এবং ১লা জুলাই ১৯৯৯ তারিখ হইতে মাসিক ২০০ টাকা হারে উক্ত ভাতা প্রাপ্য হইবেন," শব্দগুলি, সংখ্যাগুলি ও কমা সংযোজিত হইবে ;



মূল্য ঃ টাকা ৩.০০

(খ) উপ-অনুচ্ছেদ(২) এর "৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকিবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(২) অনুচ্ছেদ ১৪ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১ক) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকস (JCOs and ORs) ব্যতীত সকল ব্যক্তি নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা ঃ—

সারণী

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এর মেট্রোপলিটন/পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০ |
| টাকা ১৮০১ হইতে ৩৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০ |
| টাকা ৩৮০১ হইতে ৯০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০ |
| টাকা ৯০০১ এবং তদূর্দ্ধ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০ |

(খ) উপ-অনুচ্ছেদ (৩) এর "৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে ;

(গ) উপ-অনুচ্ছেদ (৪) এর "অপরজন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য হারে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলি, সংখ্যাগুলি ও কমাগুলির পরিবর্তে "অপরজন উপ-অনুচ্ছেদ (১ক) মোতাবেক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যা ও অক্ষর প্রতিস্থাপিত হইবে ;

(ঘ) উপ-অনুচ্ছেদ (৫) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৬) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৬) (ক) যে সকল বিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকসকে বিনা ভাড়ায় বাসস্থান বরাদ্দ করা হয় নাই এবং যাহারা ব্যারাকেও অবস্থান করেন না, তাহারা উপ-অনুচ্ছেদ (১ক) মোতাবেক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন ;

(খ) যে সকল বিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকসকে বিনা ভাড়ায় বাসস্থান বরাদ্দ করা হয় নাই কিন্তু তাহারা ব্যারাকে অবস্থান করেন, তাহারা মূল বেতনের ৪০% হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন ;

(গ) অবিবাহিত জুনিয়র কমিশন্ড অফিসার এবং আদার র‍্যাংকস তাহাদের মূল বেতনের ২০% হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।" ;

(৩) অনুচ্ছেদ ১৬ এর বিদ্যমান বিধানাবলী উক্ত অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (১) রূপে পুর্নসংখ্যায়িত হইবে এবং তৎপর নিম্নরূপ উপ-অনুচ্ছেদসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"(২) উপ-সহকারী পরিচালক এবং তদূর্দ্ধ মর্যাদার কর্মকর্তাগণ নিম্নলিখিত ভাতাদি প্রাপ্য হইবেন, যথা ঃ—

| | টাকা | |
|---|---|---|
| আউটফিট ভাতা (চাকুরীতে ১ম নিয়ুক্তিতে) | ৫৬৮৭.০০ | |
| কিট ভাতা | ২০৮.০০ | প্রতি মাসে |
| বিশেষ ভাতা | ১২৪.০০ | " |
| ব্যাটম্যান ভাতা | ২৪৭.০০ | " |

(৩) জেসিও এবং ওআরগণ নিম্নলিখিত মাসিক ভাতাসমূহ প্রাপ্য হইবেন, যথা ঃ—

ক. নিয়ুক্তি ভাতা ঃ

| | | |
|---|---|---|
| (১) | কোয়ার্টার মাষ্টার হাবিলদার, হেড কোয়ার্টার বিডিআর, সেক্টর এবং উইং | ৩২.০০ |
| | কোম্পানী সিগন্যাল এবং হসপিটাল | ২৬.০০ |

| | | টাকা |
|---|---|---|
| (২) | হাবিলদার মেজর, হেড কোয়ার্টার বিডিআর, | |
| | সেক্টর এবং উইং | ৪৫.০০ |
| | কোম্পানী সিগন্যাল এবং হসপিটাল | ২৬.০০ |
| (৩) | পে-হাবিলদার/নায়েক | ১৯.০০ |

খ. বিশেষ ভাতা ঃ

| | | |
|---|---|---|
| (১) | ভেহিকেল মেকানিক এবং ইলেকট্রিশিয়ান ঃ (সকল ইউনিট) | |
| | সিপাই এবং ল্যান্স নায়েক | ৩২.০০ |
| | নায়েক এবং হাবিলদার | ৫২.০০ |
| | হেড কোয়ার্টার ঃ | |
| | নায়েব সুবেদার | ৫৮.০০ |
| | সুবেদার | ৬৫.০০ |
| (২) | আরমারার ষ্টাফ ঃ | |
| | সিপাই/ল্যান্স নায়েক | ৩২.০০ |
| | নায়েক | ৫২.০০ |
| | হাবিলদার | ৫৮.০০ |
| | নায়েক সুবেদার/সুবেদার | ৬৫.০০ |
| | ইন্সপেক্টর অব স্মল আর্মস (সুবেদার) | ১২৪.০০ |
| (৩) | রেডিও মেকানিক এবং ফিটার ঃ | |
| | গ্রেড-১ | ১২৪.০০ |
| | গ্রেড-২ | ১১০.০০ |
| | গ্রেড-৩ | ৬৫.০০ |
| (৪) | অপারেটর ঃ | |
| | গ্রেড-১ | ৭৮.০০ |
| | গ্রেড-২ | ৬৫.০০ |
| | গ্রেড-৩ | ৫৮.০০ |
| (৫) | ড্রাফটসম্যান/সার্ভেয়ার | ৩২.০০ |
| (৬) | ব্যান্ড ইনচার্জ (হাবিলদার এবং জেসিও পদ মর্যাদার নীচে নয়) ঃ | ৭৮.০০ |

| | | টাকা |
|---|---|---|
| (৭) | তালিকাভুক্ত সহকারী ঃ | |
| | সিপাই/ল্যান্স নায়েক | ৪৫.০০* <br> * (যাহারা উচ্চ মাধ্যমিক পাশ শুধু মাত্র তাহাদের জন্য প্রযোজ্য) |
| | নায়েক এ্যাসিসটেন্ট | ৫২.০০ |
| | হাবিলদার এ্যাসিসটেন্ট | ৭৮.০০ |
| | নায়েব সুবেদার এ্যাসিসটেন্ট | ৭৮.০০ |
| | সুবেদার এ্যাসিসটেন্ট | ৭৮.০০ |
| | সাব-মেজর এ্যাসিসটেন্ট | ৭৮.০০ |
| (৮) | সাঁটলিপিকার ঃ | ৭৮.০০ <br> *(সরাসরি নিয়োগপ্রাপ্ত সাঁট-লিপিকারদের জন্য প্রযোজ্য নয় এনরোলড এ্যাসিস্টেন্ট যাহারা সাঁটলিপিকার হিসাবে পুনঃ তালিকাভুক্ত হইয়াছেন তাহারা এনরোলড এ্যাসিস্টেন্ট এলাউন্স প্রাপ্য হইবেন না) |
| (৯) | ল্যাবরেটরী টেকনিশিয়ান ঃ | |
| | গ্রেড-১ | ১২৪.০০ |
| | গ্রেড-২ | ১১০.০০ |
| | গ্রেড-৩ | ৮৪.০০ |
| (১০) | অপারেশন থিয়েটার এ্যাসিসটেন্ট ঃ | |
| | গ্রেড-১ | ১২৪.০০ |
| | গ্রেড-২ | ১১০.০০ |
| | গ্রেড-৩ | ৬৫.০০ |
| (১১) | রেডিওগ্রাফার ঃ | |
| | গ্রেড-১ | ৬৫.০০ |
| | গ্রেড-২ | ৫২.০০ |

| | | টাকা | |
|---|---|---|---|
| | (১২) ইন্সট্রাকশনাল এলাউন্স ঃ | | |
| | নায়েক/হাবিলদার/নায়েক সুবেদার/সুবেদার/ সুবেদার মেজর | ৫২.০০* | *(এই ভাতা শুধুমাত্র ইন্সট্রাকটর এর সুনির্দিষ্ট খালি পদের বিপরীতে নিয়োজিত ইন্সট্রাকটরগণই পাইবেন। যাহারা ইন্সট্রাকটর হিসাবে নিযুক্ত/তালিকাভুক্ত হইয়াছেন তাহারা এই ভাতা পাইবেন না।) |
| গ. | এ্যাকটিং এলাউন্স ঃ | | |
| | জেসিও | ৮৪.০০ | (বিডিআর-এর ষ্টাফ অফিসারদের শূন্য পদের জন্য এ্যাকটিং এলাউন্স প্রদেয় নহে)। |
| | হাবিলদার | ২৬.০০ | |
| ঘ. | ব্যাটম্যান ভাতা ঃ | | |
| | জেসিও | ২৪৭.০০ | |
| ঙ. | চুলকাটা এবং ধোলাই ভাতা (জেসিও, এনসিও এবং সিপাইদের জন্য) | ৫২.০০ | |
| চ. | ছুটিকালীন রেশনমানি | ৬.০০ | (প্রতিদিন যখন অর্জিত ছুটিতে থাকিবেন) |
| ছ. | যাতায়াত ভাতা ঃ | | |
| | জেসিও এবং ওআরগণ যখন কর্মস্থল হইতে দুই মাইলের অধিক দূরত্বে বাস করিবেন এবং যখন কোন ভাড়ামুক্ত যানবাহন দেওয়া হইবে না। | ৬৫.০০ | |
| জ. | রাইফেল পুলিশ ভাতা | ১৯.০০ | |
| ঝ. | পারিবারিক রেশন ভাতা<br>জ্বালানী কাঠ ভাতা<br>কমপেনসেশন ফর ডিয়ারনেস অব প্রভিশন | | প্রচলিত বিধি মোতাবেক।"; |

(৪) অনুচ্ছেদ ১৭ক এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ১৭খ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"১৭খ। **শ্রান্তি বিনোদন ভাতা**।—সকল কর্মকর্তা ও কর্মচারী Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুযায়ী শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য হইবেন।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মানিক লাল সমদ্দার**
অতিরিক্ত সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।